

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্র/এ

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট : [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৩.১৮-৪৪৪

তারিখঃ ২২/০৫/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ বরিশাল জেলার গৌরনদী উপজেলার গৌরনদী আল-আমিন টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাব বিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম সরদার এর অবৈধ চাকুরীর মাধ্যমে প্রতিবছর বেতন ভাতাদির সরকারী অংশ বাবদ লক্ষ লক্ষ টাকা গ্রহনের অভিযোগ প্রসঙ্গে।  
উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার গৌরনদী উপজেলার গৌরনদী আল-আমিন টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাব বিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম সরদার এর অবৈধ চাকুরীর মাধ্যমে প্রতিবছর বেতন ভাতাদির সরকারী অংশ বাবদ লক্ষ লক্ষ টাকা গ্রহনের একটি অভিযোগ পত্র "ABC" নামের প্রেরক এই দপ্তরে জমা করেন।

উক্ত অভিযোগ অনুসারে উক্ত প্রতিষ্ঠানে জনাব মোঃ মোয়াজ্জেম সরদার, প্রভাষক, হিসাব বিজ্ঞান ২০০৬ সালে চাকুরীতে যোগদান করেন। ২০১০ সালে কলেজটি এমপিওভুক্ত হলেও অজানা কারনে দীর্ঘ সাত বছরেও এমপিও হতে না পেরে এবং উক্ত কলেজের চাকুরী থেকে পদত্যাগ না করে একই সাথে বার্ষী ডিগ্রী কলেজ বরিশালে ২০১১ সালে মে মাসে সাচিবিক বিদ্যা বিষয়ের প্রভাষক পদে চাকুরীতে যোগদান করে এমপিও ভুক্ত (ইনডেক্স নং-৩০৮৫৮৪৭) হয়ে ২০১৪ সালের মে পর্যন্ত বেতন ভাতাদির সরকারী অংশের টাকা গ্রহন করেন এবং উক্ত বিষয়ে "ABC" নামের আবেদনকারী তার বিরুদ্ধে তদন্ত পূর্বক জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেছেন।

অভিযোগ যাচাই করে দেখা যায়, তিনি গৌরনদী আল-আমিন টেকনিক্যাল এন্ড বিএম কলেজে ২৬/০৬/২০০৬খ্রিঃ সালে যোগদান করেন কিন্তু উক্ত প্রতিষ্ঠান থেকে পদত্যাগ না করে বার্ষী ডিগ্রী কলেজ বরিশালে ১০/০৫/২০১১খ্রিঃ যোগদান করে ২০১২ সালের নভেম্বর মাসে এমপিওভুক্ত হন। পরবর্তী সময়ে গৌরনদী আল-আমিন প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত (ইনডেক্স নং-১৪২৫০২১৭) হলে ২০১৪ সালে পুনরায় হিসাব বিজ্ঞান পদে এমপিওভুক্ত হয়ে অদ্যাবধি বেতন ভাতা উত্তোলন করছেন।

এমতাবস্থায় বর্ণিত অভিযোগের সুস্পষ্ট প্রমাণকসহ ব্যাখ্যা বার্ষী ডিগ্রী কলেজে তাঁর নিয়োগ ও যোগদান/পদত্যাগ, এমপিওভুক্তি সহ সর্বশেষ বেতনভাতা প্রদানের প্রমাণক এবং হালনাগাদ তথ্য প্রদানের জন্য আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
ঢাকা।


স্বাক্ষরিত/-  
(ড. মোঃ নুরুল ইসলাম)  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৩.১৮-৪৪৪(০৮)

তারিখঃ ২২/০৫/২০১৮ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপসচিব (বেসরকারি মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সংরক্ষণ নথি।



(মোঃ জহরুল ইসলাম)  
সহকারী পরিচালক (এমপিও)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।